

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
<http://lddp.portal.gov.bd>



স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.২৮৯


তারিখ : ১৮/০৩/২০২১ইং।

অফিস স্মারক

বিষয়: "প্রাণিসম্পদ প্রদর্শনী"-২০২১ উপলক্ষ্যে প্রকল্প এলাকার নারী উদ্যোক্তা/খামারীগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প' এর আওতায় আগামী ১লা এপ্রিল, ২০২১ তারিখ বৃহস্পতিবার ৬১ টি জেলার (০৩টি পার্বত্য জেলাধীন উপজেলাসমূহ ব্যতিত) ৪৬৫টি উপজেলা সদরে একযোগে দিনব্যাপী "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা এবং প্রাথমিক গাইড লাইন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে। প্রাণিসম্পদ প্রদর্শনী আয়োজনের মূল উদ্দেশ্য - অধিক উৎপাদনশীল পশু-পাখি লালন পালন ও এতদসংক্রান্ত টেকসই প্রযুক্তি প্রদর্শন এবং নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, বিপণন ও নিয়মিত গ্রহণে খামারী/জনগণকে উৎসাহিত করা।

বাংলাদেশ সরকার প্রাণিসম্পদের উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে জেলতার সমতার বিষয়টিকে বিশেষ গুরুত্ব দিচ্ছে। সে প্রেক্ষিতে "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" এ নারী উদ্যোক্তা/খামারীগণকে স্টল বরাদ্দসহ সকল কার্যক্রমে অর্ন্তভুক্তির বিষয়টি সক্রিয় বিবেচনায় রাখতে হবে। এক্ষেত্রে নারী উদ্যোক্তা/খামারীগণ যাতে নিজেদের প্রাণিসম্পদ, উন্নত ও টেকসই প্রযুক্তি এবং উৎপাদিত পণ্য প্রদর্শন করতে পারে, নিজেরা খামারী হিসেবে সামাজিক স্বীকৃতি পায়, পুরস্কৃত হওয়ার জন্য প্রতিযোগিতা করতে পারে এবং একজন দক্ষ খামারী হিসেবে আত্ম-মর্যাদা উপলব্ধি করতে পারে- তার প্রতি যত্নশীল থাকার জন্য এবং "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২১" এ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিত করাসহ প্রয়োজন অনুযায়ী সকলকে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


২৬/০৩/২০২১
(মো: আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)


ফোন : ০২-০৫৮১৫৪৯১৩।

তারিখ : ১৮/০৩/২০২১ইং।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.২৮৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,
- ৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস কপি।


২৬/০৩/২০২১
(মো: আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

ই-মেইল: lddp@dls.gov.bd